




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
এনভায়রনমেন্ট এন্ড সেইফটি বিভাগ



বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: এ বি এম আবদুল ফাতাহ
চেয়ারম্যান, পেট্রোবাংলা
সভার তারিখ: ০৭.০৩.২০২১ খ্রি.
সভার সময়: সকাল ১০.০০ ঘটিকা
স্থান: জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি: রেকর্ডেড

১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন এন্ড মাইন্স) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী সূত্রে ও সূচারুরূপে উদযাপন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মকান্ড সভায় তুলে ধরেন। সভায় মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মকান্ডের সামগ্রিক অবস্থা পর্যালোচনা করে সভাপতি নির্ধারিত কার্যাদি সূত্রেভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।

২। বিস্তারিত আলোচনা পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:


ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	জাতীয় দিবস উদযাপন	এই সভার পর থেকে সকল জাতীয় দিবস উদযাপন সংশ্লিষ্ট কার্যাবলী অপারেশন এন্ড মাইন্স পরিদপ্তর এর পরিবর্তে প্রশাসন পরিদপ্তর আয়োজন করবে।	পরিচালক (প্রশাসন)
২.২	জাতীয় পতাকা উত্তোলন	১৭ই মার্চ ২০২১ তারিখে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি তাদের নিজ নিজ ভবনে পতাকা বিধিমালা ১৯৭২ অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সেবা বিভাগ, পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.৩	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন	১৭ই মার্চ ২০২১ তারিখে সকাল ০৮.০০ ঘটিকায় পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল ঢাকাস্থ কোম্পানি (টিজিটিডিসিএল, বাপেক্স, জিটিসিএল এবং আরপিজিসিএল) স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, ঢাকা-তে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পেট্রোবাংলার আওতাধীন ঢাকার বাইরে অবস্থিত কোম্পানিসমূহ জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল/ভাস্কর্য/প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	সেবা বিভাগ, পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.৪	ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন	পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি

ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.৫	প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে ভবন সজ্জিতকরণ	বঙ্গবন্ধুকে শ্রদ্ধা জানিয়ে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ নতুন ব্যানার, ফেস্টুন ও ড্রপডাউন ইত্যাদির মাধ্যমে স্ব স্ব ভবন সজ্জিত করবে। ব্যানার, ফেস্টুনে বঙ্গবন্ধু ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করা যাবে। জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটে (https://mujib100.gov.bd) প্রকাশিত টেমপ্লেট অনুযায়ী ভবন সজ্জিতকরণে প্রমাপ অনুযায়ী সামঞ্জস্যপূর্ণ নতুন ড্রপডাউন ব্যানার, পোস্টার ইত্যাদি ব্যবহার করতে হবে। ড্রপডাউন ব্যানার ও পোস্টারের নিচে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করা যাবে।	পেট্রোবাংলা/সকল কোম্পানি
২.৬	আলোকসজ্জা	পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানিকে তাদের নিজ নিজ ভবনে ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত (২৫ মার্চ বাদে) সময়ে দৃষ্টিনন্দন আলোকসজ্জা করতে হবে।	সেবা বিভাগ, পেট্রোবাংলা/সকল কোম্পানি
২.৭	জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ	পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানি জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম গ্রহণ করবে।	সেবা বিভাগ, পেট্রোবাংলা/সকল কোম্পানি
২.৮	হাসপাতাল, শিশু পরিবার ও এতিমখানায় মিষ্টান্ন বিতরণ এবং উন্নত মানের খাবার পরিবেশন	১৭ই মার্চ ২০২১ তারিখে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ হাসপাতাল, শিশু পরিবার ও এতিমখানায় তাদের CSR ফান্ড হতে অনুদান প্রদান করবে।	সকল কোম্পানি
২.৯	শিক্ষা প্রতিষ্ঠানে সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজন	১৭ই মার্চ ২০২১ তারিখে পেট্রোবাংলার আওতাধীন যে সকল কোম্পানিতে নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সে সকল প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সাংস্কৃতিক অনুষ্ঠান, আলোচনা অনুষ্ঠান, দেয়াল পত্রিকা/স্মরণিকা প্রকাশ, কুইজ, বিতর্ক ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বই মেলা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদির আয়োজন করবে। ছাত্র-ছাত্রীদের মাঝে বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিষয়ক বই বিতরণ কর্মসূচী গ্রহণ করবে।	সকল কোম্পানি
২.১০	মুজিব শতবর্ষের থিম সংগীত ব্যবহার	জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নকালে পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহ জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটে প্রকাশিত (লিংক https://mujib100.gov.bd/pages/mujib/themesong-en.html) মুজিব শতবর্ষের থিম সংগীত ব্যবহার করবে।	পেট্রোবাংলা/সকল কোম্পানি
২.১১	বঙ্গবন্ধুর স্মৃতি-বিজড়িত স্থানে অনুষ্ঠান আয়োজন	পেট্রোবাংলার আওতাধীন যেসকল কোম্পানিতে বঙ্গবন্ধুর স্মৃতি-বিজড়িত স্থান আছে সে সকল কোম্পানি স্থানীয় প্রশাসনের সাথে আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন করবে।	সকল কোম্পানি
২.১২	আতশবাজি	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ আতশবাজি আয়োজন করবে।	সকল কোম্পানি

ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১৩	জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটে প্রকাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ প্রচার/প্রদর্শন	জন্মশতবার্ষিকীর ওয়েবসাইটে (https://mujib100.gov.bd) প্রকাশিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত ভিডিও ক্লিপিংস/ফুটেজ (ডকুমেন্টরি) কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে এবং এলইডি স্ক্রীনে প্রচার/প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.১৪	মুজিব কর্নার স্থাপন	পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের লাইব্রেরী/সুবিধাজনক স্থানে মুজিব কর্নার স্থাপন করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.১৫	জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্মরণিকা, গ্রন্থ, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ	পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহ জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্মরণিকা, গ্রন্থ, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.১৬	জন্মশতবার্ষিকীর কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ	পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহ কর্তৃক স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য জন্মশতবার্ষিকীর কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র সংরক্ষণ ও কেন্দ্রীয়ভাবে প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ করার জন্য পেট্রোবাংলায় প্রেরণ করতে হবে।	জনসংযোগ শাখা, পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.১৭	জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জন্মশতবার্ষিকীর প্রযোজ্য কর্মসূচি বাস্তবায়ন	পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জন্মশতবার্ষিকীর প্রযোজ্য কর্মসূচি বাস্তবায়ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল কোম্পানি
২.১৮	আইন, বিধি ও প্রবিধানের সংকলন প্রকাশ	পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের যাবতীয় বিধি-বিধানাবলী একত্রে গ্রন্থ আকারে সংকলন প্রকাশের নিমিত্ত হাইড্রোক্যার্বন ইউনিটে প্রেরণ করতে হবে।	সচিব, পেট্রোবাংলা ও আহ্বায়ক সংশ্লিষ্ট কমিটি
২.১৯	‘অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত’	২০২১ সালের মধ্যে ‘অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত’ করতে কর্মপরিকল্পনা অনুযায়ী কোম্পানিসমূহের কার্যক্রম আরও গতিশীল করতে হবে।	সকল গ্যাস বিতরণ কোম্পানি
২.২০	জ্বালানি অপচয় রোধে বছরব্যাপী বিশেষ কার্যক্রম (ক্র্যাশ প্রোগ্রাম)	জ্বালানি অপচয় রোধে বছরব্যাপী বিশেষ কার্যক্রম (ক্র্যাশ প্রোগ্রাম) কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।	সকল গ্যাস বিতরণ কোম্পানি
২.২১	‘পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর’ কর্মসূচী	কর্মপরিকল্পনা অনুযায়ী ‘পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর’ কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.২২	আলোচনা সভা	১৭-২৬শে মার্চ ২০২১ তারিখের মধ্যে মুজিববর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা আয়োজন করতে হবে।	পেট্রোবাংলা

ক্রম	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.২৩	বাজেট	স্ব-স্ব সংস্থা/কোম্পানির বাজেট বরাদ্দ হতে ব্যয় নির্বাহ করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.২৪	বেসরকারি জ্বালানি স্থাপনাসমূহে মুজিব বর্ষ উদযাপন	সরকারি সংস্থার পাশাপাশি বেসরকারি জ্বালানি স্থাপনাসমূহে মুজিববর্ষ উদযাপনের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পেট্রোবাংলা/ সকল কোম্পানি
২.২৫	মনিটরিং কমিটি গঠন	মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির গৃহীত কর্মসূচী সুষ্ঠু ও সূচারুরূপে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে মনিটরিং কমিটি গঠন করতে হবে।	পেট্রোবাংলা

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(এ বি এম আবদুল ফাতাহ)
চেয়ারম্যান, পেট্রোবাংলা